

## Thikanar Khonje Lyrics – Surangana

আমার ছোট নদী বয়ে যায় পাতায়  
আঁকে বাঁকে চলে তাই তুলির খেয়াল,  
সাতরং লুকিয়ে পাতার সাদায়  
খুঁজে চলি ঠিকানার ঠিকানা কোথায়,  
খুঁজে চলি ঠিকানার ঠিকানা কোথায়,  
খুঁজে চলি ঠিকানার ঠিকানা কোথায়।

ঠিকানা আছে কি চারদেয়ালে?  
বহু বহু তলের কোলাজে,  
আকাশে তাকিয়ে দেখি তারাদের ভিড়ে  
রাস্তা বদলে আলো ঠিকানা খোঁজে,  
খুঁজে চলি ঠিকানার ঠিকানা কোথায়,  
খুঁজে চলি ঠিকানার ঠিকানা কোথায়।

যেখানে রাস্তা মিশে একদিকে যায়  
তুলি দিয়ে মেঘ বৃষ্টি ভেজায়,  
টুপটাপ শব্দে, ভরে ওঠে দৃষ্টি  
ঠিকানা প্রমান দিতে একদেশ লোক,  
ঠিকানা প্রমান দিতে একদেশ লোক।

ঠিকানার সার্কাসে হন্যে সবাই  
ছোট-বড়ো কত মুখ খাতায় ওদের,  
তাই দেখে হেসে ওঠে বৃদ্ধ সময়  
এঁকে যায় ঠিকানার ঠিকানা কোথায়,  
এঁকে যাই ঠিকানার ঠিকানা কোথায়,  
খুঁজে যাই ঠিকানার ঠিকানা কোথায়।